

**বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের
মে মাসের অনুদানের চেক
হস্তান্তর**

তথ্য বিবরণী : বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ ও মাদ্রাসা) এবং কারিগরি বেসরকারি এসএসসি (জোকেশনাল) ও এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষক-কর্মচারীদের মে ২০০৩-মাসের বেতন-ভাতার সরকারি অংশ বাবদ কুড়িটি চেক ২৬ জুন ২০০৩ তারিখের ৫২৬৬/৪ বিশেষ দ্বারকে অনুদান বন্টনকারী জনতা, অগ্রণী, রূপালী, সোনালী ব্যাংক প্রধান কার্যালয়ে হস্তান্তর করা হয়েছে।

আগামী ১৩ জুলাই ২০০৩ তারিখের মধ্যে সঞ্চিত টাকা ব্যাংক থেকে শিক্ষক কর্মচারীদের ব্যক্তিগত ব্যাংক একাউন্ট নম্বরের মাধ্যমে বেতন-ভাতার সরকারি অংশ উত্তোলন করার জন্য সঞ্চিত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে প্রনয়োধ করা হয়েছে।

যে সকল শিক্ষা প্রতিষ্ঠান বা শিক্ষক কর্মচারী চলতি অর্থবছরের (২০০২-২০০৩) বকেয়া টাকা নির্ধারিত সময়ের মধ্যে উত্তোলন করতে পারেননি, তারাও ব্যক্তিগত ব্যাংক একাউন্টের মাধ্যমে উক্ত সময়ের টাকা এর সাথে উত্তোলন করতে পারবেন।